



রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়  
৫৬এ, বিাটারোড কোলকাতা - ৭০০০৫০

নং-র.ভা./ক.স./৩১৫ (১)/২০২৫


তারিখ :- ১৮/০২/২০২৫

বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয়ের মররকতকুঞ্জ প্রাঙ্গণে অবস্থিত জলাশয় বিশ্ববিদ্যালয়কে বার্ষিক ন্যূনতম ৮০০০০/- (আশি হাজার) টাকা অর্থের বিনিময়ে ইজারা গ্রহণের প্রস্তাব আহ্বান করা হচ্ছে,

প্রস্তাবকগণ নিম্ন-স্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করে শনি, রবি ও ছুটির দিন ব্যতীত অন্যান্য দিনে উপরিস্ত জলাশয় পরিদর্শন এবং নির্ধারিত প্রস্তাবনা ফর্ম গ্রহণ করতে পারেন।

এই বিজ্ঞাপন প্রকাশিত হবার ১৫ (পনের) দিনের মধ্যে দরপত্র জমা দিতে হবে।

  
18.02.2025

(ড. আশিস কুমার সামন্ত)  
কর্মসচিব (ভারপ্রাপ্ত)

## সাধারণ শর্তাবলী

১) ১ লা এপ্রিল, ২০২৫ হইতে পাঁচ বৎসরের জন্য লিজের মেয়াদ বলবৎ ও কার্যকর হইবে। তবে প্রতি বৎসর ১ লা এপ্রিলের পূর্বে সিকিউরিটি ডিপোজিট প্রদানপূর্বক নবীকরণ করিতে হইবে।

২) ১ লা এপ্রিলের পূর্বে ন্যূনতম প্রদেয় ৮০০০০ (আশিহাজার) টাকা জমা করিতে হইবে এবং প্রতি বৎসর ৫% শতাংশ অধিক হারে নবীকরণের পূর্বে জমা করিতে হইবে।

৩) পার্টিপক্ষ ঝিলটি নিজ খরচায় ও নিজ তত্ত্বাবধানে পরিষ্কার ও রক্ষণা বেক্ষণ করিবেন ও তাহাতে মাছ চাষ করিবেন। উক্ত মাছগুলি রক্ষণা বেক্ষণের খোল, মশলা ও ঔষধপত্র দেওয়ার প্রয়োজন হইলে তাহা পার্টিপক্ষ প্রয়োগ করিতে পারিবেন। উক্ত ঝিলের সমস্ত মাছের মালিকানা পার্টিপক্ষের হইবে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন দাবি দাওয়া থাকিবেনা। ঝিলের মাছগুলির নিরাপত্তার দায়িত্ব কর্তৃপক্ষের।

৪) পার্টিপক্ষ নিজ খরচায় ও নিজ লোকজন দ্বারা উক্ত ঝিল রক্ষণা বেক্ষণ করিবেন। কোন কারণেই প্রাক্কণের প্রাকৃতিক পরিবেশ এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ যাতে বিনিষ্ট বা ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে পার্টিপক্ষ সার্বিক দায়িত্ব পালন করিতে বাধ্য থাকিবেন।

৫) পার্টিপক্ষ লিজ পত্রের সম্পত্তিতে যে সমস্ত লোকজন দ্বারা কাজ করাইবেন, তাহাদের নাম ও ঠিকানা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট প্রদান করিতে হইবে। অনুমতি ব্যতীত কোন ব্যক্তি প্রবেশাধিকার পাইবে না।

৬) উপরক্ত সম্পত্তিব্যবহার জনিত বা প্রাকৃতিক কারণ ছাড়া অন্য কোন প্রকার ক্ষতি সাধন করিতে পার্টিপক্ষ পারিবেন না।

৭) পার্টিপক্ষ উপরক্ত চুক্তির কোন শর্ত না মানিয়া চলিলে বা উপযুক্ত কারণ দেখাইয়া কর্তৃপক্ষের চুক্তিপত্র বাতিল করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে, চুক্তি বাতিলের জন্য কর্তৃপক্ষ, পার্টিপক্ষকে ৩ (তিন) মাসের নোটিশ দেবেন এবং অতিরিক্ত কোন যোগাযোগ

না করে একতরফা ভাবে কর্তৃপক্ষ উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন যা পার্টিপক্ষ মান্য করিতে বাধ্য থাকিবেন।

৮) সময় অতিক্রান্ত হইলে কর্তৃপক্ষ, যদি পার্টিপক্ষকে আরও সময় বর্ধিত করেন তাহা হইলে নতুন চুক্তিপত্র স্বাক্ষর করা হইবে।

৯) লিঙ্গ চুক্তিটি চলাকালীন সময়ে কোন আইনি জটিলতা তৈরী হইলে তাহা কলকাতা উচ্চ আদালতে নিষ্পত্তি করিতে হইবে।

১০) লিঙ্গ চুক্তি চলাকালীন সময়ে জলাধার পরিষ্কার করিতে গিয়ে কোনদুর্ঘটনা বা মৃত্যু হইলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকিবেনা।